


দৈনিক ইত্তেফাক

THE DAILY ITTEFAQ






প্রতিষ্ঠাতা : তফাজ্জল হোসেন মানিক মিয়া



সেপ্টেম্বর ০৫, ২০০৭, বুধবার : ভাদ্র ২১, ১৪১৪

আপডেট বাংলাদেশ সময় রাত ১২:০০

প্রথম পাতা	<h2>র্যাবের এনকাউন্টারে চারশ' সন্ত্রাসী নিহত ।।</h2> <h3>চারশ' সদস্যের শাস্তি কক্সবাজারে র্যাব মহাপরিচালক</h3> <p>।। কক্সবাজার সংবাদদাতা ।।</p> <p>র্যাব গঠিত হওয়ার পর থেকে সারাদেশে ৪শতাধিক সন্ত্রাসী এনকাউন্টারে নিহত হয়েছে। পাশাপাশি বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত হওয়ার দায়ে একই সময়ে ৪শতাধিক র্যাব সদস্যকে শাস্তি দেয়া হয়েছে। মঙ্গলবার কক্সবাজারের হোটেল সী-প্যালেস এর সম্মেলন কক্ষে আয়োজিত প্রেস ব্রিফিং-এ র্যাবের মহাপরিচালক হাসান মাহমুদ খন্দকার এ তথ্য প্রকাশ করেন। এ সময় অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক নব বিক্রম কিশোর ত্রিপুরা উপস্থিত ছিলেন।</p>	
শেষ পাতা		
অন্যান্য		
সম্পাদকীয়		
চিঠিপত্র		
দৃষ্টিকোণ		
রাজধানীর		
আশেপাশে		
আইটি কর্ণার		
বিশ্ব সংবাদ		
খেলা খবর		
রাশিফল		
ঢাকা	<p>মঙ্গলবার থেকে এ হোটেলে শুরু হয়েছে ১৫ র্যাব কর্মকর্তার ৩দিনব্যাপী মানবাধিকার বিষয়ক সম্মেলন। 'আমাদের অধিকার, আমাদের কর্তব্য শীর্ষক' সম্মেলনের আয়োজন করেছে ইউএনডিপি ও ডিএফআইডি'র সহায়তায় বাংলাদেশ পুলিশের পিআরপি প্রকল্প। এ সম্মেলনে ২জন অস্ট্রেলিয়ান ও ১জন নেপালি রিসোর্স পার্সন আধুনিক বিশ্বে প্রচলিত মানবাধিকার সম্পর্কে ধারণা দেবেন। সম্মেলনের উদ্বোধক অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক ও পুলিশ সংস্কার কর্মসূচির প্রকল্প পরিচালক নব বিক্রম কিশোর ত্রিপুরা বলেন, র্যাব বাংলাদেশ পুলিশের একটি অংশ। গুরুতর অপরাধ ও সন্ত্রাসী কার্যক্রম নিয়ন্ত্রণে এ বাহিনীর ভূমিকা সর্বজন বিদিত। এজন্য মানবাধিকার যাতে তাদের দ্বারা বিঘ্নিত না হয় সে জন্য তাদের জ্ঞানকে সমৃদ্ধ করার উদ্দেশ্যে র্যাবকে এ প্রকল্পের অধীনে প্রশিক্ষিত করার উদ্যোগ নেয়া হয়েছে। এ সম্মেলনে র্যাবের পরিচালক, উপ-পরিচালক ও সহকারী পরিচালক পদ মর্যাদার ২জন মহিলাসহ ১৫জন কর্মকর্তা অংশগ্রহণ করছেন।</p>	
চট্টগ্রাম		
রাজশাহী		
খুলনা		
সিলেট		
বরিশাল		
অর্থনীতি		
মহানগর		
কড়া		<p>প্রেস ব্রিফিং-এ র্যাব মহাপরিচালক জানান, সারাদেশে ১৩টি ব্যাটালিয়ন কর্মরত আছে। প্রতিটি ব্যাটালিয়নে ৬৮৮জন করে প্রায় ১০হাজার সদস্য কর্মরত আছে। সাম্প্রতিক সময়ে এনকাউন্টারের সংখ্যা কমেছে কিনা এক প্রশ্নের জবাবে র্যাবের ডিজি জানান, কম-বেশি হয়েছে এটা ঠিক নয়। যখন সন্ত্রাসীদের কার্যকলাপ বৃদ্ধি পাবে তখনই এনকাউন্টার ও বৃদ্ধি পেতে পারে। সন্ত্রাসী নিশ্চুপ থাকলে এনকাউন্টার বাড়ার কোন কারণ নেই।</p>
সাহিত্য সাময়িকী		
কচি-কাঁচার আসর		
ধর্মচিন্তা		
তথ্যপ্রযুক্তি		
মহিলা অঙ্গন		
আনন্দ বিনোদন		
	<p>সংবাদিকরা কক্সবাজারে র্যাবের একটি ইউনিট স্থাপনের আহবান জানালে র্যাব মহাপরিচালক বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনার আশ্বাস দেন। এছাড়া পর্যটন</p>	

স্বাস্থ্য পরিচর্যা	<p>মৌসুমে দেশী-বিদেশী পর্যটকদের নিরাপত্তা বিধানে র্যাব সদস্যদের টহলের ব্যবস্থা করার ব্যাপারে উপস্থিত সকলে একমত পোষণ করেন। অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক ত্রিপুরা সাংবাদিকদের বলেন, সৈকত পুলিশ ফাঁড়ির কার্যকারিতা সম্প্রসারণ ও সমৃদ্ধ উদ্যোগ নেয়া হচ্ছে। আগামী কিছুদিনের মধ্যে মহা পুলিশ পরিদর্শক নুর মোহাম্মদ এসে এ ব্যাপারে কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন।</p>
ক্যাম্পাস	
এই নগরী	
ক্রীড়াঙ্গণ	
টেলিকম	
কর্পো	
ক্যারিয়ার	
তরণকণ্ঠ	<p>← আগের সংবাদ → পরের সংবাদ</p> <p>  প্রিন্ট  ই-মেইল  হেল্প  টিপস </p> <p>  বাংলা দেখা না গেলে বা ফন্ট সম্পর্কিত সমস্যার জন্য এখানে ক্লিক করুন </p>
চট্টগ্রাম নগরী	
<p>The Daily Ittefaq - Established: 24th December, 1953. Privacy Policy Feedback Contact Us</p> <p>সম্পাদক : আনোয়ার হোসেন। ভারপ্রাপ্ত সম্পাদক : রাহাত খান। ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিমিটেড-এর পক্ষে আনোয়ার হোসেন কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, ১নং রামকৃষ্ণ মিশন রোড, ঢাকা-১২০৩ থেকে মুদ্রিত ও প্রকাশিত। ফোন : পিএবিএল-৭১২২৬৬০। ফ্যাক্স : ৮৮০-২-৭১২২৬৫১-৫৩।</p>	